তারিখ ... 11 FEB 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৭ ...

দৈনিক ইত্তেফাক

14

বেসরকারী শিক্ষকদের টাইম স্কেল

## 'প্রতিশ্রুতির আংশিক বাস্তবায়ন'

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকবিশিস) সভাপতি অধ্যাপক ম, আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক শফিউল আলম বেসরকারী বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের জন্য টাইম-স্কেল প্রদানের ঘোষণা ও সহযোগী অধ্যাপকের পদ সৃষ্টির উদ্যোগকে কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম নিয়াজো কমিটির নেতৃত্বে পরিচালিত '৯৪ সালের আন্দোলনের ফলে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির আংশিক বাস্তবায়ন বলিয়া আখ্যায়িত করেন। তাহারা ঘোষণায় প্রতিশ্রুতি মোতাবেক কলেজ শিক্ষকদের ১২ বছর পূর্তিতে অপর একটি টাইম স্কেল প্রদানের বিষয়টি না থাকায় ক্ষোভ প্রকাশ করেন এবং অবিলম্বে প্রতিশ্রুতি পালনের জোর দাবী জানান।

—প্রেসবিজ্ঞপ্তি.